দেহের বৃদ্ধি, ক্ষয়পূরণ ও নাইট্রোজেনের সমতা রক্ষার জন্য অ্যামাইনো এসিড অত্যন্ত প্রয়োজন। কারণ অত্যাৱশ্যকীয় অ্যামাইনো এসিডের অভাব ঘটলে নানা রোগের উপসর্গ দেখা দেয়। যেমন—বমি বমি ভাব, মূত্রে জৈব এসিডের পরিমাণ বেড়ে যাওয়া, নাইট্রোজেনের ভারসাম্য বজায় না থাকা ইত্যাদি।

অতএব, উপরিউক্ত আলোচনা পর্যবেক্ষণ করে বলা যায় যে, 'শরীর বৃদ্ধি গঠনে 'খ' চিহ্নিত উপাদানের ভূমিকা অপারিসীম'—কথাটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

### নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রামিশার বয়স ১৩। কিছুদিন থেকে তার গলার থাইরয়েড গ্রন্থি ফুলে যাচ্ছে এবং শরীরে রক্তস্রাবতা দেখা দিয়েছে। সে প্রতিদিন ১৫০০ কিলোক্যালরি আমিষ জাতীয় খাদ্য খায়, যা প্রয়োজনের তুলনায় অনেক কম।

ক. মৌল বিপাক কী?	১
খ. দেহে এমাইনো এসিডের প্রয়োজন কেন?	২
গ. রামিশা দৈনিক কত গ্রাম আমিষ খায়?	৩
ঘ. আমিষ ছাড়াও রামিশার কী কী খাওয়া উচিত? মতামত দাও।	৪

### ◀ ৬নং প্রশ্নের উত্তর ▶

ক. বিপাক ক্রিয়া চালানোর জন্য যে শক্তি প্রয়োজন তাই মৌলবিপাক।

খ. দেহের বৃদ্ধি, ক্ষয়পূরণ ও নাইট্রোজেনের সমতা রক্ষার জন্য দেহে অ্যামাইনো এসিডের প্রয়োজন হয়।

অ্যামাইনো এসিডের জটিল যৌগ হলো আমিষ। অ্যামাইনো এসিড বিভিন্নভাবে মিলিত হয়ে আমিষের উৎপত্তি ঘটায়। আমিষ আমাদের দেহ গঠন, ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধন করে। এগুলো মূলত জৈব এসিডের পরিমাণ ও নাইট্রোজেনের ভারসাম্য নিয়ন্ত্রণ করে। এসব কারণেই দেহে এমাইনো এসিডের প্রয়োজন।

গ. রামিশা প্রতিদিন আমিষ জাতীয় খাবার খায় = ১৫০০ কিলোক্যালরি।

আমরা জানি,

৪ কিলোক্যালরি শক্তি পাওয়া যায় ১ গ্রাম আমিষ থেকে

∴ ১ কিলোক্যালরি শক্তি পাওয়া যায়  $\frac{1}{8}$  গ্রাম আমিষ থেকে

∴ ১৫০০ কিলোক্যালরি শক্তি পাওয়া যায়  $\frac{1500}{8}$  গ্রাম আমিষ থেকে

= ৩৭৫ গ্রাম

সুতরাং রামিশা দৈনিক ৩৭৫ গ্রাম আমিষ খায়।

ঘ. আমিষ ছাড়াও রামিশার আয়োডিনযুক্ত লবণ এবং লৌহ ও ভিটামিন ডি সমৃদ্ধ খাবার খাওয়া উচিত।

রামিশার দেহে আমিষের ঘাটতি ছাড়াও যেসব শারীরিক সমস্যা রয়েছে সেগুলো হলো—

১. গলার থাইরয়েড গ্রন্থি ফুলে যাচ্ছে,

২. শরীরে রক্তস্রাবতা দেখা দিয়েছে।

এসব সমাধানের জন্য রামিশাকে আয়োডিনযুক্ত লবণ, সামুদ্রিক মাছ, মাছের তেল, সামুদ্রিক শৈবাল ইত্যাদি খাওয়ার অভ্যাস গড়ে তুলতে হবে।

রক্তস্রাবতা দেখা দেওয়ার কারণ হলো লোহা নামক খনিজ লবণের অভাব। লোহা, লোহিত রক্তকণিকার হিমোগ্লোবিনের গঠন উপাদান। অনেক সময় ভিটামিন 'ডি' এর অভাবেও শোষণ সক্ষম ও হিমোগ্লোবিন তৈরিতে বিঘ্ন ঘটে।

এ সমস্যা সমাধানের জন্য রামিশাকে লৌহসমৃদ্ধ শাকসবজি, ফল, মাংস, ডিমের কুসুম, যকৃত ও বৃক্ক ইত্যাদি বেশি করে খেতে হবে।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আলোয়া বেগম গলাফুলা রোগে আক্রান্ত। এরোগ থেকে পরিত্রাণের জন্য তিনি ডাক্তারের কাছে গেলেন এবং ডাক্তার তাকে প্রয়োজনীয় চিকিৎসা দিলেন।

- ক. অস্টিওম্যালেশিয়া কাকে বলে? ১
- খ. মানবদেহে খনিজ লবণের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে বর্ণিত রোগটি চিহ্নিত করে তার লক্ষণগুলো বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত রোগের জন্য ডাক্তার কী কী পরামর্শ দিতে পারেন? মতামত দাও। ৪

**▶◀ নং প্রশ্নের উত্তর ▶◀**

- ক. বয়স্কদের রিকোটসকে অস্টিওম্যালেশিয়া বলে।
- খ. সৃজনশীল ১(খ) নং উত্তর দেখ।
- গ. উদ্দীপকে বর্ণিত রোগটি গলগন্ড রোগ। যখন রক্তে কোনো কারণে আয়োডিনের অভাব ঘটে তখন গলায় অবস্থিত থাইরয়েডগ্রন্থি ক্রমশ আকারে বড় হতে থাকে। গলা ফুলে যায়। যা উদ্দীপকের আলোয়া বেগমের ক্ষেত্রে হয়েছে। এ রোগের লক্ষণগুলো নিম্নরূপ :  
 - থাইরয়েডগ্রন্থি ফুলে যায়, শ্বাস নিতে কষ্ট হয়।  
 - শ্বাস-প্রশ্বাসের সময় শব্দ হয়।  
 - গলার আওয়াজ ফ্যাসফেসে হয়ে যায়।  
 - গলায় অস্বস্তিবোধ হয়, খাবার গিলতে কষ্ট হয়।  
 - আক্রান্ত ব্যক্তি অবসাদগ্রস্ত ও দুর্বলবোধ করে।
- ঘ. উদ্দীপকের বর্ণিত রোগটি হলো গলগন্ড। এ রোগের জন্য ডাক্তার নিম্নলিখিত পরামর্শ দিতে পারেন।  
 i. রোগের প্রাথমিক অবস্থায় আয়োডিনযুক্ত লবণ খাওয়া।  
 ii. সামুদ্রিক মাছ, মাছের তেল ও সামুদ্রিক শৈবাল ইত্যাদি খাওয়ার অভ্যাস গড়ে তেলা।  
 iii. প্রয়োজনে ডাক্তারের পরামর্শ নিয়ে সূ-চিকিৎসার ব্যবস্থা করা।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

'X' একজন পূর্ণবয়স্ক পুরুষ। তার ওজন ৫৫ কেজি, তার দৈনন্দিন খাদ্য তালিকায় রুটি, ভাত, মাংস, দুধ, ডিম ইত্যাদি থাকে। কিন্তু তিনি টক জাতীয় ফল কিংবা সবুজ শাকসবজি খান না, ফলে তিনি নানা ধরনের রোগে আক্রান্ত হলেন।

- ক. খাদ্য উপাদান কাকে বলে? ১
- খ. এ্যানিমিয়া বলতে কী বুঝ? ২
- গ. মিঃ 'X' এর খাদ্য তালিকা সুখম নয় কেন- ব্যাখ্যা কর। ৩
- ঘ. বিভিন্ন প্রকার রোগ থেকে বাঁচার জন্য মিঃ 'X' এর খাদ্যাভ্যাসের কী ধরনের পরিবর্তন দরকার বলে তুমি মনে কর? ৪

**▶◀ ৮নং প্রশ্নের উত্তর ▶◀**

- ক. খাদ্য যেসব রাসায়নিক উপাদানের সমন্বয়ে গঠিত তাদের খাদ্য উপাদান বলে।
- খ. এ্যানিমিয়া বলতে দেহে খনিজ পদার্থ লোহার অভাব বোঝায়।  
 লোহা লোহিত রক্তকণিকার হিমোগ্লোবিন গঠনের উপাদান। এ দেহে লোহার ঘাটতি থাকলে এ্যানিমিয়া বা রক্তস্রতা দেখা দেয়। সাধারণত শিশুদের পেটে কৃমি হলেও এ রোগটি হতে পারে। এ রোগে রোগী দুর্বল বোধ করে, গা ঝিমঝিম ও বুক ধড়ফড় করা, মাথা ঘোরানো, ওজন হ্রাস, খাওয়ায় অরুচি ইত্যাদি শারীরিক সমস্যা দেখা দেয়।
- গ. মিঃ X এর খাদ্য তালিকায় সবগুলো খাদ্য উপাদান অন্তর্ভুক্ত নেই বলে এটি সুখম খাদ্য তালিকা নয়। সুখম খাদ্য তালিকা তৈরি করতে কিছু নিয়ম মানতে হয়। যথা :  
 • বিভিন্ন খাদ্যের পুষ্টিমান ও খাদ্যের শ্রেণিভিত্তিক সমন্বয়ে জ্ঞান অর্জন।  
 • খাদ্যে যথোপযুক্ত ভিটামিন, খনিজ লবণ ও পানির উপস্থিতি।  
 • খাদ্যের ছয়টি উপাদানের অন্তর্ভুক্তিকরণ নিশ্চিত করা।  
 উদ্দীপকের মি. X এর খাদ্য তালিকায় রুটি ও ভাত আছে যা তাকে শ্বেতসারের যোগান দেয়। মাংস, দুধ ও ডিম তার দেহের আমিষের ও খনিজ লবণের চাহিদা মেটায়। কিন্তু তার খাদ্য তালিকায় টক জাতীয় ফল বা সবুজ শাকসবজি নেই। অর্থাৎ টক জাতীয় ফলে প্রচুর পরিমাণ ভিটামিন 'সি' থাকে। বিভিন্ন সবুজ শাকসবজিতে ভিটামিন এ, বি, সি, কে ইত্যাদি থাকে। কিন্তু মি. X সবুজ শাকসবজি খান না বলে তিনি এসব পুষ্টি উপাদান থেকে বঞ্চিত হন।  
 অতএব, উপরিউক্ত কারণেই মি. X এর খাদ্য তালিকা সুখম নয়।

ঘ. বিভিন্ন প্রকার রোগ থেকে বাঁচার জন্য মি: X এর খাদ্যাভ্যাসে যে পরিবর্তন দরকার তা হলো তার খাদ্য তালিকায় প্রচুর পরিমাণে শাকসবজি ও টকজাতীয় ফল অন্তর্ভুক্ত করতে হবে।

X এর দৈনন্দিন খাদ্য তালিকায় বিভিন্ন খাদ্য উপাদানের সঠিক অনুপাত নেই। তিনি শর্করা ও আমিষ জাতীয় খাদ্য বেশি খান। সে তুলনায় স্নেহ জাতীয় খাবার, খনিজ লবণ ও ভিটামিন সমৃদ্ধ ফল একেবারেই খান না। ফলে তিনি প্রায়ই অসুস্থ হয়ে পড়েন। বিভিন্ন রোগ থেকে বাঁচতে হলে নিম্নলিখিত নিয়মগুলো মেনে তাকে সুস্থ খাদ্য তালিকা প্রণয়ন করতে হবে।

- বয়স, কর্ম ও শারীরিক অবস্থা বুঝে খাদ্য তালিকা প্রস্তুত করা।
- প্রতিবেলার খাবারে আমিষ, শর্করা, স্নেহ পদার্থ, ভিটামিন, পানি ও খনিজ লবণ খাদ্যের এই ছয়টি উপাদানের অন্তর্ভুক্তিকরণ নিশ্চিত করা।
- দৈনিক ক্যালরির ৬০-৭০% শর্করা, ১০% আমিষ ও ৩০-৪০% স্নেহ জাতীয় পদার্থ থেকে গ্রহণ করা।
- ঋতু ও আবহাওয়ার কথা চিন্তা করে মৌসুমি ফল ও সবজি খাদ্য তালিকায় অন্তর্ভুক্ত করা।

উপরিউক্ত আলোচনা বিশ্লেষণ করে আমি মনে করি মি: X কে তার আগের খাদ্যাভ্যাস পরিবর্তন করে নতুন খাদ্য তালিকায় অভ্যস্ত হতে হবে। তাহলেই তিনি বিভিন্ন রোগ থেকে বাঁচতে পারবেন।

### নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

জামান সাহেবের বাসার দুইজন গৃহকর্মী মাজেদা ও রহিমা। মাজেদার গলায় সমস্যা অপরদিকে রহিমার শরীর অস্থিচর্মসার। জামান সাহেব দুজনকেই ডাক্তারের কাছে নিয়ে গেলেন। ডাক্তার মাজেদাকে বেশি করে সামুদ্রিক মাছ ও আয়োডিনযুক্ত লবণ এবং রহিমাকে মাছ, মাংস ও ডিম খাওয়ার পরামর্শ দিলেন।

- |  |   |
|--|---|
| ক. মৌল বিপাক কাকে বলে?   | ১ |
| খ. চাল একটি শ্বেতসার জাতীয় খাদ্য- ব্যাখ্যা কর।  | ২ |
| গ. মাজেদা যে রোগটিতে আক্রান্ত তার লক্ষণগুলো লেখ।   | ৩ |
| ঘ. ডাক্তারের পরামর্শ না মানলে ভবিষ্যতে রহিমার কী ধরনের সমস্যা হতে পারে? তোমার মতামত দাও। | ৪ |

### ▶◀ ৯নং প্রশ্নের উত্তর ▶◀

ক. বিপাক ক্রিয়া চালানোর জন্য যে শক্তি প্রয়োজন তাকে মৌলবিপাক বলে।  
 খ. যেহেতু চালে অন্যান্য উপাদানের চেয়ে শ্বেতসারের পরিমাণ বেশি তাই এটি একটি শ্বেতসার জাতীয় খাদ্য।  
 সিদ্ধ চালে শ্বেতসার ৭৯% ও স্নেহ পদার্থ ৬% থাকে। এছাড়া এতে আমিষ, ভিটামিন এবং খনিজ লবণও থাকে। কিন্তু এতে শ্বেতসারের পরিমাণ বেশি থাকে।  
 অতএব, চাল একটি শ্বেতসার জাতীয় পদার্থ।

গ. মাজেদা যে রোগটিতে আক্রান্ত সেটি হলো গলগন্ড।  
 গলগন্ড রোগকে ঘ্যাগ বলে। যখন রক্তে কোনো কারণে আয়োডিনের অভাব ঘটে তখন গলায় অবস্থিত থাইরয়েডগ্রন্থি ক্রমশ আকারে বড় হতে থাকে। গলা ফুলে যায়, যা উদ্দীপকের মাজেদার ক্ষেত্রে হয়েছে। এ রোগের লক্ষণগুলো নিম্নরূপ :

- থাইরয়েডগ্রন্থি ফুলে যায়, শ্বাস নিতে কষ্ট হয়।
- শ্বাস-প্রশ্বাসের সময় শব্দ হয়।
- গলার আওয়াজ ফঁয়াসফঁেসে হয়ে যায়।
- গলায় অস্বস্তিবোধ হয়, খাবার গিলতে কষ্ট হয়।
- আক্রান্ত ব্যক্তি অবসাদগ্রস্ত ও দুর্বলবোধ করে।

ঘ. ডাক্তারের পরামর্শ না মানলে ভবিষ্যতে রহিমার রোগ প্রতিরোধ ক্ষমতা কমে যাবে ও রক্তস্বল্পতা দেখা দিবে।  
 রহিমা বর্তমানে প্রোটিন বা আমিষের অভাবজনিত শারীরিক সমস্যায় ভুগছে। তার শরীর অস্থিচর্মসার। এটি মেরাসমেরাস রোগের লক্ষণ। অর্থাৎ রহিমার শরীরে আমিষের অভাব রয়েছে। আমিষের অভাবে আরও যেসব শারীরিক সমস্যা দেখা দিতে পারে সেগুলো হলো-

- দেহের বৃদ্ধি বন্ধ হয়ে যায়।
- চামড়া বা ত্বক খসখসে হয়ে ঝুলে পড়ে।
- শরীরের ওজন হ্রাস পায়।
- এছাড়া প্রোটিনের অভাবে বয়স্কদের রোগ-প্রতিরোধ ক্ষমতা কমে যায় ও রক্তস্বল্পতা দেখা দেয়।

এসব মারাত্মক সমস্যা থেকে বাঁচার জন্যই ডাক্তার রহিমাকে মাছ, মাংস ও ডিম খাওয়ার পরামর্শ দিয়েছেন। ডাক্তারের এ পরামর্শ না মানলে রহিমা ভবিষ্যতে বয়স বাড়লে রক্তস্বল্পতায় আক্রান্ত হবে এবং তার রোগ প্রতিরোধ ক্ষমতাও কমে যাবে।

### নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

দিনমজুর বেলাল হোসেনের অর্থনৈতিক অভাব থাকায় তার সন্তানদের পুষ্টিসমৃদ্ধ খাবার ঠিকমতো খাওয়াতে পারে না। তার দুই ছেলে সন্ধান সাদিক ও সাঈদ পুষ্টির অভাবজনিত সমস্যায় ভোগে। ডাক্তার তাদেরকে পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে বলেন যে, সাদিক ভিটামিন এ এবং সাঈদ ভিটামিন কে এর অভাবজনিত সমস্যায় আক্রান্ত।

- |  |   |
|--|---|
| ক. ভিটামিন কাকে বলে?   | ১ |
| খ. বহুশর্করা পরিপাকের প্রয়োজন হয় কেন?                                    | ২ |
| গ. সাদিক ও সাঈদের কী ধরনের খাদ্য গ্রহণ করা উচিত ছিল? ব্যাখ্যা কর।          | ৩ |
| ঘ. দুই ভাইয়ের মধ্যকার সমস্যা তুলনামূলক বেশি ভয়ংকর? যুক্তিসহ বিশ্লেষণ কর। | ৪ |

▶◀ ১০নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. যেসব জৈব রাসায়নিক পদার্থ খাদ্যে সামান্য পরিমাণে উপস্থিত থেকে দেহের ক্ষয়পূরণ, বৃদ্ধিসাধন, তাপশক্তি উৎপাদন ইত্যাদি ক্রিয়া সম্পন্ন করে তাদের ভিটামিন বলে।
- খ. বহু শর্করা দেহে সরাসরি শোষণযোগ্য নয় বলে এটি পরিপাকের প্রয়োজন হয়। মানবদেহে শুধু সরল শর্করা গ্রহণ করতে পারে। কারণ এটি মনোস্যাকারাইড বা একটি মাত্র শর্করা অণু দিয়ে গঠিত। কিন্তু বহু শর্করা দেহে সরাসরি শোষিত হয় না। একে দেহের শোষণযোগ্য হতে সরল শর্করায় পরিণত হতে হয়। এ কারণেই বহু শর্করা পরিপাকের প্রয়োজন হয়।
- গ. সাদিক ও সাঈদ যথাক্রমে ভিটামিন 'এ' ও ভিটামিন 'কে' এর অভাবজনিত সমস্যায় আক্রান্ত। তাই সাদিকের ভিটামিন 'এ' সমৃদ্ধ ও সাঈদের ভিটামিন 'কে' সমৃদ্ধ খাদ্য গ্রহণ করা উচিত ছিল।
- ভিটামিন 'এ' সমৃদ্ধ খাদ্যদ্রব্যগুলো হলো-মাছের তেল ও প্রাণীজ স্নেহ, ক্যারোটিন সমৃদ্ধ শাকসবজি যেমন-লালশাক, পুঁইশাক, পালং শাক, টমেটো, গাজর, বীট, মিষ্টি কুমড়া ইত্যাদি। বিভিন্ন ধরনের ফল যেমন- পেঁপে, আম ও কাঁঠালে প্রচুর পরিমাণে ভিটামিন 'এ' থাকে।
- ভিটামিন 'কে' সমৃদ্ধ খাদ্যদ্রব্যসমূহ হলো- সবুজ রঙের শাকসবজি, লেটুসপাতা, ফুলকপি, বাঁধাকপি, ডিমের কুসুম, সয়াবিন তেল এবং যকৃত।
- অতএব, সাদিক ও সাঈদের বিভিন্ন ধরনের শাকসবজিসহ উপরিউক্ত খাদ্যদ্রব্য গ্রহণ করা উচিত ছিল।
- ঘ. দুই ভাইয়ের মধ্যে সাঈদের সমস্যা তুলনামূলক বেশি ভয়ংকর।
- সাদিক ভিটামিন 'এ' এর অভাবজনিত সমস্যায় আক্রান্ত। ফলে সে রাতকানা রোগে আক্রান্ত হতে পারে। এ রোগের কারণে সে স্বপ্ন আলোতে বিশেষ করে রাতে আবছা আলোতে দেখতে পাবে না। তার চোখের কর্নিয়ার আচ্ছাদন ক্ষতিগ্রস্ত হবে। চোখ শুকিয়ে যাবে এবং পানি পড়া বন্ধ হয়ে যাবে। চোখে আলো সহ্য হবে না, চোখে পূজ জমে যাবে এবং চোখের পাতা ফুলে যাবে। এছাড়া তার দেহের স্বাভাবিক বৃদ্ধি ব্যাহত হয়। সর্দি, কাশি, ইনফ্লুয়েঞ্জা ইত্যাদি রোগ হতে পারে। অন্যদিকে সাঈদ ভিটামিন 'কে' এর অভাবজনিত সমস্যায় আক্রান্ত। ফলে তার ত্বকের নিচে ও দেহাভ্যন্তরে যে রক্ত ক্ষরণ হবে তা বন্ধ করার ব্যবস্থা না নিলে সে মারা যেতে পারে। কোনো কারণে সে কোনো অপারেশন করলে তার রক্তক্ষরণ সহজে বন্ধ হতে চাইবে না। এতে তার জীবন নাশের আশঙ্কা বেশি থাকবে। উপরিউক্ত আলোচনা বিশ্লেষণ করে যুক্তিসহকারেই বলা যায় যে, যেহেতু ভিটামিন 'কে' এর অভাবে মৃত্যুর আশঙ্কা থাকে তাই দুই ভাইয়ের মধ্যে সাঈদের সমস্যাই তুলনামূলক বেশি ভয়ংকর।

▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

রিপন তার ছোটবোন তানহাকে স্বাস্থ্যকর্মীদের কাছে নিয়ে গেলে তারা ভিটামিন 'এ' ক্যাপসুল খাইয়ে দিল। সেখানে তারা দেখতে পেল গ্রামের আরও অনেক শিশু ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ার জন্য এসেছে।

- |  |   |
|--|---|
| ক. খাদ্য উপাদান কী?  | ১ |
| খ. রাফেজ বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর।                                | ২ |
| গ. উদ্দীপকে উল্লিখিত উপাদান আমাদের দেহে কী কাজ করে- ব্যাখ্যা কর।     | ৩ |
| ঘ. তানহা উক্ত খাদ্য উপাদানটি গ্রহণ না করলে কী ক্ষতি হতো-বিশ্লেষণ কর। | ৪ |

▶◀ ১১নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. খাদ্য যেসব রাসায়নিক উপাদানের সমন্বয়ে গঠিত সেসব উপাদানকে খাদ্য উপাদান বলে।
- খ. সূজনশীল ২(খ) নং উত্তর দেখ।
- গ. উদ্দীপকে উল্লিখিত উপাদানটি হলো ভিটামিন 'এ'।
- দৃষ্টিশক্তি স্বাভাবিক রাখা, ত্বক ও শ্রেণী ঝিল্লিকে সুস্থ রাখা এবং দেহকে বিভিন্ন সংক্রামক রোগের হাত থেকে রক্ষা করা, খাদ্যদ্রব্য পরিপাক ও ক্ষুধার উদ্দীপক করা, রক্তে স্বাভাবিক অবস্থা বজায় রাখা ও দেহের পুষ্টি বৃদ্ধিতে সহায়তা করা ভিটামিন 'এ' এর কাজ।

উপর্যুক্ত আলোচনা থেকে দেখা যায় যে, ভিটামিন 'এ' আমাদের দেহে অত্যন্ত গুরুত্বপূর্ণ কিছু কাজ করে।

- ঘ. উক্ত খাদ্য উপাদানটি হলো ভিটামিন 'এ' যা গ্রহণ না করলে তানহা রাতকানা এমনকি জেরপথালমিয়া রোগে আক্রান্ত হতে পারে। রাতকানা রোগের লক্ষণ স্বল্প আলোতে বিশেষ করে রাতে আবছা আলোতে দেখতে না পাওয়া। শিশুরা এ রোগে বেশি আক্রান্ত হয়। দীর্ঘদিন ধরে এ অবস্থা চলতে থাকলে চোখ সম্পূর্ণরূপে অন্ধ হয়ে যেতে পারে। এ রোগে আক্রান্ত শিশুকে সবুজ শাকসবজি ও রঙিন ফলমূল খাওয়ানো উচিত।
- ভিটামিন 'এ' এর তীব্র অভাব ঘটলে চোখের কর্ণিয়ার আচ্ছাদন ক্ষতিগ্রস্ত হয়ে কর্ণিয়ার উপর শূক স্তর পড়ে। এমন অবস্থাকে জেরপথালমিয়া বলে। ভিটামিন 'এ' ক্যাপসুল রাতকানা ও জেরপথালমিয়া রোগ প্রতিরোধ করে।
- সুতরাং তানহা ভিটামিন 'এ' ক্যাপসুল গ্রহণ না করলে রাতকানা ও জেরপথালমিয়া রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা বাড়ে।

#### নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

- বৃষ্টি কিছু দিন যাবত গলায় অস্বস্তিবোধ করছেন। সে লক্ষ করল তার গলা ফুলে যাচ্ছে। এমতাবস্থায়, ডাক্তারের কাছে গেলে ডাক্তার তাকে উক্ত রোগ থেকে পরিত্রাণের পরামর্শ দিলেন।
- ক. উপাদান অনুযায়ী খাদ্য বস্তুকে কয় ভাগে ভাগ করা হয়েছে? ১
- খ. রাফেজযুক্ত খাবার বলতে কী বুঝায়? ২
- গ. বৃষ্টির রোগ চিহ্নিত করে তার লক্ষণগুলো বর্ণনা কর। ৩
- ঘ.তোমার মতে ডাক্তার বৃষ্টিকে কী কী পরামর্শ দিয়েছিলেন? বিশ্লেষণ কর। ৪

#### ▶◀ ১২নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. উপাদান অনুযায়ী খাদ্যবস্তুকে তিন ভাগে ভাগ করা হয়েছে।
- খ. রাফেজযুক্ত খাবার বলতে শস্যাদানা, ফলমূল, সবজি ইত্যাদিকে বোঝায়। রাফেজ কোনো পুষ্টি উপাদান নয়। তবে স্বাস্থ্য রক্ষার জন্য এটা একটা গুরুত্বপূর্ণ উপাদান। দেহের ভিতর রাফেজের কোনো পরিবর্তন ঘটে না। ফল ও সবজি সেলুলোজ নির্মিত কোষ প্রাচীর আঁশযুক্ত খাবার থেকে রাফেজ পাওয়া যায়।
- গ. বৃষ্টির গলগন্ড রোগ হয়েছে। যখন মানুষের রক্তে কোনো কারণে আয়োডিনের অভাব দেখা যায় তখন গলায় অবস্থিত থাইরয়েড গ্রন্থি আকারে বড় হতে থাকে, গলা ফুলে যায়। এ রোগের লক্ষণগুলো নিম্নরূপ :
- সৃজনশীল ৯(গ) এর লক্ষণগুলো দেখ।
- ঘ. আমার মতে, ডাক্তার বৃষ্টিকে আয়োডিনের অভাব পূরণের জন্য নিম্নরূপ পরামর্শ দিয়েছিলেন।
- আয়োডিনযুক্ত লবণ খাওয়া।
  - সামুদ্রিক মাছ, মাছের তেল ও সামুদ্রিক শৈবাল ইত্যাদি খাওয়ার অভ্যাস গড়ে তোলা।
  - যে সকল সবজিতে আয়োডিন আছে সেগুলো খাওয়ার অভ্যাস গড়ে তোলা।
  - রোগ যদি প্রাথমিক অবস্থায় না থাকে তাহলে সূচিকিৎসার ব্যবস্থা করা।

#### নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

সেতারা বেগম গলাফুলা রোগ নিয়ে ডাক্তারের শরণাপন্ন হলেন। ডাক্তার তাকে খনিজ লবণযুক্ত খাবার খেতে পরামর্শ দিলেন।

- ক. এক গ্রাম শর্করা থেকে কত কিলোক্যালরি তাপ উৎপন্ন হয়? ১
- খ. খাদ্যের পুষ্টিমান বলতে কী বুঝায়? ২
- গ. সেতারা বেগমের যে রোগ হয়েছে তা বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লিখিত খাদ্য উপাদানটির মানবদেহে কী ধরনের ভূমিকা রয়েছে তা মূল্যায়ন কর। ৪

#### ▶◀ ১৩নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. এক গ্রাম শর্করা থেকে ৪ কিলোক্যালরি তাপ উৎপন্ন হয়।
- খ. খাদ্যের পুষ্টিমান বলতে এমন একটি মানকে বোঝায় যা নির্ভর করে ঐ খাদ্যে কি পরিমাণ ও কত রকমের খাদ্য উপাদান থাকে তার ওপর। যেমন, সিদ্ধ চালে ৭৯% শ্বেতসার, ৬% স্নেহ পদার্থ থাকে। এছাড়া সামান্য পরিমাণ আমিষ, ভিটামিন ও খনিজ লবণ থাকে। এভাবে ১০০ গ্রাম চাল থেকে ৩২৪৫-৩৪৯ কিলোক্যালরি শক্তি পাওয়া যায়।
- গ. সৃজনশীল ৯(গ) নং এর অনুরূপ।
- ঘ. উদ্দীপকের উল্লিখিত খাদ্য উপাদানটি হলো খনিজ লবণ যা মানবদেহে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।




মানব দেহের জন্য খনিজ লবণ অতীব প্রয়োজন। খাদ্যে লবণ, খনিজ লবণ, আমিষ, শর্করা, স্নেহ পদার্থের মতো তাপ উৎপন্ন করে না। কিন্তু দেহ কোষ ও দেহ তরলের জন্য খনিজ লবণ একটি অত্যাবশ্যকীয় উপাদান। ক্যালসিয়াম, সোডিয়াম, ম্যাগনেসিয়াম, ফসফরাস, ক্লোরিন, আয়োডিন, লৌহ, সালফার ইত্যাদি লবণ জাতীয় দ্রব্য খাদ্যের সাথে দেহে প্রবেশ করে দেহ গঠনে সাহায্য করে।

প্রধানত দুইভাবে খনিজ লবণ দেহে কাজ করে। যথা দেহ গঠন উপাদানরূপে ও দেহ অভ্যন্তরীণ কাজ নিয়ন্ত্রক হিসেবে।

মাংস, ডিম, দুধ, সবুজ শাকসবজি এবং খনিজ লবণের প্রধান উৎস। খনিজ লবণ দেহ গঠন ও দেহের অভ্যন্তরীণ কাজ নিয়ন্ত্রণ করে। অস্থি, দাঁত, এনজাইম ও হরমোন গঠনের জন্য খনিজ লবণ অপরিহার্য উপাদান, স্নায়ু উদ্দীপনা ও পেশি সংকোচন নিয়ন্ত্রণ করে। দেহের জলীয় অংশে সমতা রক্ষা করে ও বিভিন্ন এনজাইম সক্রিয় রাখে।

**নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



### ▶▶ ১৪নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. রাফেজ হলো শস্যদানা, ফলমূল ও সবজির অপাচ্য অংশ।
- খ. বিভিন্ন ফলে বিভিন্ন ভিটামিন থাকে। আম, পাকা পেঁপে, কাঁঠাল ইত্যাদি ফলে প্রচুর পরিমাণে A থাকে। ভিটামিন A এর অভাবে রাতকানা রোগ হয়। আমলকী, কমলালেবু, পেয়ারা ইত্যাদি ফলে ভিটামিন সি থাকে। ভিটামিন সি এর অভাবে স্কার্ভি রোগ হয়। তাই প্রতিদিন কিছু পরিমাণ ফল খাওয়া আবশ্যিক।
- গ. উদ্দীপকের 'ক' চিত্রের খাদ্যটি শর্করা জাতীয় এবং 'খ' চিত্রের খাদ্যটি স্নেহ বা চর্বি জাতীয়। খাদ্য উপাদানের ভিত্তিতে এরা পরস্পর হতে আলাদা। শর্করা শক্তি উৎপাদনকারী খাদ্য। সহজপাচ্য। আমাদের দৈনন্দিন খাদ্যের বিভিন্ন উপাদানগুলোর মধ্যে শর্করার পরিমাণ সবচেয়ে বেশি। কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন মৌলের উপাদানের সমন্বয়ে গঠিত। অন্যদিকে স্নেহ পদার্থ শক্তি উৎপাদনকারী উপাদান নামে পরিচিত। স্নেহ পদার্থ ফ্যাটি এসিড ও গ্লিসারলের সমন্বয়ে গঠিত যৌগ। এতে কার্বন হাইড্রোজেন ও অক্সিজেনের পরিমাণ বেশি থাকে। স্নেহ পদার্থে ২০ প্রকার চর্বি জাতীয় এসিড পাওয়া যায়।
- অতএব, উদ্দীপকের 'ক' চিত্রের খাদ্য 'খ' চিত্রের খাদ্য হতে খাদ্য উপাদানের ভিত্তিতে আলাদা।
- ঘ. 'গ' চিত্রের খাদ্যটি আমিষ জাতীয় যার গুরুত্ব অত্যধিক। আমিষ দেহের গঠন উপাদান। আমিষ অ্যামাইনো এসিডের একটি জটিল যৌগ। দেহের বৃদ্ধি, ক্ষয়পূরণ ও নাইট্রোজেনের সমতা রক্ষার জন্য এই অ্যামাইনো এসিডের প্রয়োজন। কিন্তু কিছু কিছু অ্যামাইনো এসিডকে অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড বলে। অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড দেহে তৈরি হয় না। খাদ্য হতে এ অ্যামাইনো এসিডগুলো সংগ্রহ করতে হয়। অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিডের অভাব হলে নানা রোগের উপসর্গ দেখা দেয়। খাদ্য হতে এ অ্যামাইনো এসিডগুলো সংগ্রহ করতে হয়। অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিডের অভাব হলে নানা রোগের উপসর্গ দেখা দেয়। যেমন বমি বমি ভাব, মুত্রে জৈব এসিডের পরিমাণ বেড়ে যাওয়া, নাইট্রোজেনের ভারসাম্য ইত্যাদি বজায় না থাকায় খাদ্যে পরিমিত প্রয়োজনীয় জৈব আমিষ না থাকলে শিশুর দেহে আমিষের অভাবজনিত সমস্যার সৃষ্টি হয়। দেহের স্বাভাবিক বৃদ্ধি ও গঠন ক্ষতিগ্রস্ত হয়। শিশু পুষ্টিহীনতায় ভুগলে দেহের শারীরিক বৃদ্ধি ব্যাহত হয়। শিশুদের কোয়াশিয়রকর ও মেরাসমাস রোগ দেখা দেয়। অতএব, দেখা যাচ্ছে যে, 'গ' চিত্রের খাদ্যটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রাইয়ান প্রতিদিন মাছ, মাংস ও দুধ খায়। তার খাবারগুলো অ্যামাইনো এসিডের একটি জটিল যৌগ। এই খাবারগুলো দেহে নাইট্রোজেন সরবরাহ করে।

- ক. ১ গ্রাম শর্করা কত কিলোক্যালরি তাপশক্তি উৎপন্ন করে? ১
- খ. সুস্বাদু খাদ্য বলতে কী বুঝ? ২
- গ. রাইয়ানের গ্রহণকৃত খাদ্যগুলো তার দেহে কী ধরনের ভূমিকা রাখে? বর্ণনা কর। ৩

ঘ. রাইয়ানের গ্রহণকৃত খাদ্যগুলোর অভাবে কী কী সমস্যা দেখা দিতে পারে— আলোচনা কর।

৪

▶◀ ১৫নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. ১ গ্রাম শর্করা ৪ কিলোক্যালরি তাপশক্তি উৎপন্ন করে।
- খ. যে সমস্ত খাদ্যবস্তু দেহের ক্যালরি চাহিদা পূরণ করে, টিসু কোষের বৃদ্ধি ও গঠন বজায় রাখে এবং দেহের শারীরবৃত্তীয় কার্যাবলিকে সুষ্ঠুভাবে নিয়ন্ত্রণ করতে পারে তাকে সুখম খাদ্য বলে। অর্থাৎ, সুখম খাদ্য বলতে বোঝায় ৬টি উপাদান বিশিষ্ট পরিমাণমতো খাবার যা ব্যক্তি বিশেষের দেহের চাহিদা মেটায়।
- গ. রাইয়ানের গ্রহণকৃত খাদ্যগুলো তার দেহের বৃদ্ধি, ক্ষয়পূরণ ও নাইট্রোজেনের সমতা রক্ষায় ভূমিকা রাখে।
- মাছ, মাংস ও দুধ আমিষ জাতীয় খাদ্য। দেহের ক্ষয়পূরণ, বৃদ্ধিসাধন ও দেহ গঠনের জন্য এগুলো বিশেষ দরকার। এসব আমিষ জাতীয় খাদ্য পরিপাক প্রক্রিয়া দ্বারা দেহে শোষণ উপযোগী অ্যামাইনো এসিডে পরিণত হয়। দেহের বৃদ্ধি, ক্ষয়পূরণ ও নাইট্রোজেনের সমতা রক্ষার জন্য অ্যামাইনো এসিড অত্যন্ত প্রয়োজন। খাদ্য থেকে রাইয়ান এ অ্যামাইনো এসিডগুলো সংগ্রহ করে থাকে। এসব, খাবারের ১ গ্রাম থেকে ৪ কিলোক্যালরি তাপশক্তি উৎপন্ন হয়। এগুলো থেকে রাইয়ান শক্তি পায় যা শারীরিক পরিশ্রমে ব্যয় করে। সুতরাং, রাইয়ানের দেহ গঠন ও ক্ষয়পূরণের কাজে মাছ, মাংস ও দুধ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।
- ঘ. রাইয়ানের গ্রহণকৃত খাদ্যগুলোর অভাবে আমিষের অভাবজনিত সমস্যা সৃষ্টি হতে পারে।
- রাইয়ানের গ্রহণকৃত খাদ্যগুলো হলো মাছ, মাংস ও দুধ। এগুলো আমিষ সমৃদ্ধ খাদ্য। এগুলোর অভাবে রাইয়ানের দেহের স্বাভাবিক বৃদ্ধি ও গঠন ক্ষতিগ্রস্ত হতে পারে। কোয়াশিয়রকর ও মেরাসমাস রোগ দেখা দিতে পারে।
- কোয়াশিয়রকর রোগে খাওয়ায় অরুচি হয়। পেশি শীর্ণ ও দুর্বল হতে থাকে। চামড়া, চুলের মসৃণতা ও রং নষ্ট হয়ে যায়। শরীর ক্ষীণ হয়ে অস্থিচর্মসার হয়। চামড়া বা ত্বক খসখসে হয়ে ঝুলে পড়ে। শরীরের ওজন হ্রাস পায়।
- অতএব, রাইয়ানের গ্রহণকৃত খাদ্যগুলোর অভাবে তার উপরিউক্ত সমস্যা দেখা দিতে পারে।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

প্রিতম এর বয়স ৩০ বছর এবং ওজন ৪৫ কেজি। কিছুদিন যাবৎ তার দেহে পর্যাপ্ত পরিমাণ তাপ ও শক্তি উৎপাদন হচ্ছে না। ইহা ছাড়াও ডাক্তার তাকে নাইট্রোজেন সমৃদ্ধ খাবার খেতে পরামর্শ দিয়েছেন।

- ক. খাদ্য কী? ১
- খ. পুষ্টিহীনতা বলতে কী বুঝ? ২
- গ. প্রিতমের দৈনিক কী পরিমাণ শর্করা জাতীয় খাদ্য খাওয়া প্রয়োজন? ৩
- ঘ. প্রিতমের কী কী খাদ্য খাওয়া প্রয়োজন— যুক্তিসহ মতামত দাও। ৪

▶◀ ১৬নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. খাদ্য বলতে এমন সব জৈব উপাদানকে বুঝায় যা জীবের দেহ গঠন, ক্ষয়পূরণ এবং শক্তি উৎপাদনে ব্যবহৃত হয়।
- খ. প্রতিদিনের খাবারে যেসব উপাদান না থাকলে দেহের শক্তি ও যথাযথ বৃদ্ধি নিশ্চিত হবে না, মেধা ও বুদ্ধি বাড়বে না এবং রোগ প্রতিরোধ ক্ষমতাও কমে যাবে এ অবস্থাকে পুষ্টিহীনতা বলে।
- গ. প্রিতম একজন পূর্ণবয়স্ক পুরুষ। তার বয়স ৩০ বছর এবং ওজন ৪৫ কেজি। আমরা জানি, একজন পূর্ণ বয়স্ক পুরুষের শর্করার দৈনিক চাহিদা তার দেহের প্রতি কিলোগ্রাম ওজনের ৪.৬ গ্রাম। সে হিসেবে প্রিতম গড়ে দৈনিক শর্করা গ্রহণ করে
- $$= (৪৫ \times ৪.৬) \text{ গ্রাম} = ২০৭ \text{ গ্রাম।}$$
- কিন্তু উচ্চতা, অনুযায়ী প্রিতমের শরীরের ন্যূনতম ওজন হওয়া উচিত ৬০ কেজি। সে হিসেবে তার গড়ে দৈনিক শর্করা গ্রহণ করা উচিত—
- $$= (৬০ \times ৪.৬) \text{ গ্রাম} = ২৭৬ \text{ গ্রাম।}$$
- সুতরাং, প্রিতমের দৈনিক আরো (২৭৬ - ২০৭) গ্রাম = ৬৯ গ্রাম শর্করা জাতীয় খাদ্য খাওয়া প্রয়োজন।
- ঘ. প্রিতমের আরো শর্করা ও আমিষ জাতীয় খাদ্য খাওয়া প্রয়োজন।
- কিছুদিন যাবৎ প্রিতমের দেহে পর্যাপ্ত পরিমাণ তাপ ও শক্তি উৎপন্ন হচ্ছে না। এক্ষেত্রে, শর্করা জাতীয় খাদ্য কার্যকরী ভূমিকা রাখতে পারে। কারণ, শর্করা সর্বাপেক্ষা সহজপাচ্য। দেহে শোষিত হওয়ার পর শর্করা খুব কম সময়ে তাপ উৎপন্ন করে। সুতরাং, প্রিতমের দৈনিক আরো ভাত, রুটি, চিড়া, মুড়ি, পাউরুটি ইত্যাদি খাবার গ্রহণের পরিমাণ বাড়াতে হবে।

এছাড়া, ডাক্তার তাকে নাইট্রোজেন সমৃদ্ধ খাবার খেতে পরামর্শ দেন। তাই, তার আমিষ সমৃদ্ধ খাদ্য গ্রহণ করা প্রয়োজন। একমাত্র আমিষ জাতীয় খাদ্যই তার দেহে নাইট্রোজেনের যোগান বাড়াতে পারে। আমিষে ১৬% নাইট্রোজেন থাকে। সুতরাং, তার দৈনিক আহারে মাছ, দুধ, মাংস ইত্যাদির খাবার গ্রহণের হার আরো বাড়াতে হবে।

সুতরাং, প্রতিমের প্রতিদিন আহারে শর্করা ও আমিষ সমৃদ্ধ খাদ্য খাওয়া প্রয়োজন।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

জরিনার বয়স ৯ বছর। সে সপ্তাহে গড়ে ৩৫০ গ্রাম স্নেহ জাতীয় খাবার খায়। যা প্রয়োজনের তুলনায় কম। তাছাড়া, আরও কিছু খাদ্যের অভাবে সে রাতের বেলায় আবছা আলোতে কম দেখে এবং তার রিকটস রোগ হয়েছে।

- |  |   |
|--|---|
| ক. কোন ধরনের খাদ্য দেহে ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধন করে?                                      | ১ |
| খ. সুখম খাদ্য বলতে কী বুঝায়?  | ২ |
| গ. জরিনা তার গৃহীত স্নেহ জাতীয় খাদ্য থেকে সপ্তাহে কত কিলোক্যালরি শক্তি পায় নির্ণয় কর। | ৩ |
| ঘ. জরিনার সমস্যাগুলো সমাধানের জন্য কোন জাতীয় খাবার খাওয়া প্রয়োজন? যুক্তিসহ মতামত দাও। | ৪ |

**▶▶ ১৭নং প্রশ্নের উত্তর ▶▶**

ক. আমিষ বা প্রোটিন জাতীয় খাদ্য দেহে ক্ষয়পূরণ ও বৃদ্ধিসাধন করে।

খ. সৃজনশীল ১৫(খ) নং উত্তর দেখ।

গ. দেয়া আছে,

জরিনা সপ্তাহে গড়ে ৩৫০ গ্রাম স্নেহজাতীয় খাবার খায়।

আমরা জানি,

১ গ্রাম চর্বি বা স্নেহ থেকে উৎপন্ন শক্তির পরিমাণ ৯ কিলোক্যালরি

∴ ৩৫০ গ্রাম চর্বি বা স্নেহ থেকে উৎপন্ন শক্তির পরিমাণ

$$= (৩৫০ \times ৯) \text{ কিলোক্যালরি}$$

$$= ৩১৫০ \text{ কিলোক্যালরি}$$

∴ জরিনা তার গৃহীত স্নেহ জাতীয় খাদ্য থেকে সপ্তাহে ৩১৫০ কিলোক্যালরি শক্তি পায়।

ঘ. জরিনার সমস্যাগুলো সমাধানের জন্য ভিটামিন 'এ' ও ভিটামিন 'ডি' সমৃদ্ধ খাবার খাওয়া প্রয়োজন।

উদ্দীপকে জরিনা রাতের বেলায় আবছা আলোতে কম দেখে এবং তার রিকটস রোগ হয়েছে। মূলত, ভিটামিন 'এ' এর অভাবে রাতের বেলায় আবছা আলোতে কম দেখা এবং ভিটামিন 'ডি' এর অভাবে তার রিকটস হয়।

ভিটামিন 'এ' এর মূল উৎস হলো মাছের তেল ও প্রাণিজ স্নেহ। ক্যারোটিন সমৃদ্ধ শাক-সবজি। যেমন: লালশাক, পুঁইশাক, পালংশাক, টমেটো, গাজর, বীট, মিষ্টি কুমড়া ইত্যাদিতে ভিটামিন 'এ' বিদ্যমান। বিভিন্ন ধরনের ফল যেমন : পেঁপে, আম, কাঁঠালে ভিটামিন 'এ' বিদ্যমান। মলা ও ঢেলা মাছেও প্রচুর পরিমাণে ভিটামিন 'এ' থাকে।

পক্ষান্তরে, ভোজ্য তেল, দুগ্ধ ও দুগ্ধ জাতীয় খাদ্য, বিভিন্ন মাছের তেল, ডিমের কুসুম, মাখন, ঘি, চর্বি এবং ইলিশ মাছে পর্যাপ্ত পরিমাণে ভিটামিন 'ডি' বিদ্যমান।

সুতরাং, জরিনার সমস্যাগুলো সমাধানের জন্য ভিটামিন 'এ' এবং 'ডি' এর অভাবপূরণের জন্য তার উপরে উল্লিখিত খাদ্যগুলো খাওয়া প্রয়োজন।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

নাফিসার জন্মদিনে তার মামা ঘি, চিনিগুড়া চাল আর খাসির মাংস দিয়ে বিরিয়ানি রান্না করলেন। কিন্তু, ডাক্তারের নিষেধ থাকার কারণে তিনি সুস্বাদু খাবারটি খেলেন না। কারণ তার দেহ মেদবহুল।

- |   |   |
|---|---|
| ক. চর্বি জাতীয় এসিড কয় প্রকার?  | ১ |
| খ. স্নেহ পদার্থের উদ্ভিজ্জ ও প্রাণিজ উৎসের নাম লিখ।                                       | ২ |
| গ. আমাদের দেহে উল্লিখিত উপাদানগুলোর কার্যকারিতা ব্যাখ্যা কর।                              | ৩ |
| ঘ. নাফিসার মামী উক্ত সুস্বাদু খাবারটি খেলে তার কোন ধরনের সমস্যা হতে পারত বলে তুমি মনে কর? | ৪ |

**▶▶ ১৮নং প্রশ্নের উত্তর ▶▶**

ক. চর্বি জাতীয় এসিড দুই প্রকার।

খ. স্নেহ পদার্থের উদ্ভিজ্জ ও প্রাণিজ উৎসের নাম নিম্নরূপ :

**উদ্ভিজ্জ উৎস :** সয়াবিন, সরিষা, তিল, বাদাম ও সূর্যমুখীর দানা। ভোজ্য তেলে ঘি, মাখন এবং চর্বি অপেক্ষা ফ্যাটি এসিডের পরিমাণ বেশি থাকে।

**প্রাণিজ্জ উৎস :** চর্বি, ঘি, মাখন, ডিমের কুসুম।

গ. উল্লিখিত উপাদানগুলো হলো : ঘি, চাল ও খাসির মাংস। এই সকল উপাদানে যে খাদ্য উপাদান আছে সেগুলো হলো : স্নেহ, শর্করা ও আমিষ। এদের কার্যকারিতা নিম্নরূপ :

স্নেহ জাতীয় উপাদান আমাদের ত্বক শুষ্ক ও খসখসে হতে দেয় না। বিভিন্ন চর্মরোগ থেকে দেহকে মুক্ত রাখে। দেহে তাপ ও শক্তি উৎপাদন করে।

শর্করা জাতীয় উপাদান দেহে শক্তি উৎপাদন করে। রক্তে এই উপাদানটির মাত্রা বেড়ে বা কমে গেলে ডায়াবেটিস এবং হাইপোগ্লাইসেমিয়া নামক রোগ হতে পারে। আমিষ জাতীয় খাদ্য দেহে ক্ষয়পূরণ, বৃদ্ধিসাধন ও দেহগঠন করে।

অতএব দেখা যাচ্ছে, আমাদের দেহে উল্লিখিত উপাদানগুলোর কার্যকারিতা অপরিসীম।

ঘ. উচ্চ সুস্বাদু খাবারটি হলো বিরিয়ানি যা খেলে নাফিসার মামির হৃদরোগ ও উচ্চ রক্তচাপের মতো নানা ধরনের শারীরিক সমস্যা হতে পারত।

বড় খালার দেহ মেদবহুল। বিরিয়ানি খাবারটি ঘি এবং মাংস সমৃদ্ধ। ঘি ১০০% স্নেহ জাতীয় খাদ্য। অতিরিক্ত চর্বি কোলেস্টেরল বাড়ায়। হৃদযন্ত্র ও ধমনির অন্তপ্রাচীরে চর্বি জমে শক্ত হয়ে যায়। ফলে রক্ত চলাচলে ব্যাঘাত ঘটে। হৃদযন্ত্রে অতিরিক্ত চর্বি সঞ্চিত হয়ে হৃদরোগের সৃষ্টি করে। অতিরিক্ত চর্বি শরীরে মোদের আধিক্য ঘটায় ওজন বৃদ্ধি করে। দেহের কোনো কোনো অঙ্গে মাত্রাতিরিক্ত চর্বি জমে থাকে। নাফিসার মামির মতো মেদবহুল দেহের ব্যক্তি অতি সহজে হৃদরোগ উচ্চ রক্তচাপ ও অন্যান্য জটিল ব্যাধিতে আক্রান্ত হতে পারেন।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

A		মাছ, দুধ, মাংস।
B	১	সয়াবিন তেল, সূর্যমুখী তেল, সরিষা তেল।
	২	মাখন, পনির, ডালডা, বাদাম।

[নোয়াখালী পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, নোয়াখালী]

- ক. শর্করা জাতীয় খাদ্যে কয়টি মৌল রয়েছে? ১
- খ. অন্যান্য খাদ্যের তুলনায় ভোজ্যতেলের অণু থেকে বেশি তাপশক্তি উৎপন্ন হয় কেন? ২
- গ. 'A' চিহ্নিত খাদ্যস্থিত এসিডের প্রভাব বর্ণনা কর। ৩
- ঘ. 'B' চিহ্নিত খাদ্যের মধ্যে ২ নং থেকে ১ নং খাবারগুলো বেশি উপকারী- যুক্তি দাও। ৪

▶▶ ১৯নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. শর্করা জাতীয় খাদ্যে তিনটি মৌল রয়েছে।
- খ. ভোজ্য তেল একটি স্নেহজাতীয় পদার্থ যাতে কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেনের পরিমাণ বেশি থাকে। কার্বনের দহন ক্ষমতা বেশি বলে স্নেহ পদার্থের অণু থেকে বেশি তাপশক্তি উৎপন্ন হয়। এ কারণে অন্যান্য খাদ্যের তুলনায় ভোজ্য তেলের অণু থেকে বেশি তাপশক্তি উৎপন্ন হয়।
- গ. 'A' চিহ্নিত খাদ্য হলো মাছ, দুধ, মাংস। এতে উপস্থিত এসিডগুলো হলো অ্যামাইনো এসিড ও ফ্যাটি এসিড। অ্যামাইনো এসিড পরিপাক প্রক্রিয়া দ্বারা দেহে শোষণ উপযোগী হয়। দেহের বৃদ্ধি, ক্ষয়পূরণ ও নাইট্রোজেনের সমতা রক্ষার জন্য কয়েকটি অ্যামাইনো এসিড অত্যন্ত প্রয়োজন। এগুলোকে অত্যাবশ্যকীয় অ্যামাইনো এসিড বলে। এদের অভাবে নানা রোগ দেখা দেয়। যেমন : বমি বমি ভাব, মুত্রে জৈব এসিডের পরিমাণ বেড়ে যাওয়া নাইট্রোজেনের ভারসাম্য বজায় না থাকা ইত্যাদি। মাছ, দুধ ও মাংস সম্পৃক্ত ও অসম্পৃক্ত ফ্যাটি এসিড থাকে। ফ্যাটি এসিড চর্বিতে দ্রবণীয় ভিটামিন এ, ডি, ই ও কে শরীরে সঞ্চিত রাখে। ফ্যাটি এসিডের অভাবে ত্বক শুষ্ক ও খসখসে হয় এবং চর্মরোগ হয়। অতএব, দেখা যাচ্ছে যে, মাছ, দুধ ও মাংসের উপস্থিত এসিডের প্রভাব অপরিসীম।
- ঘ. 'B' চিহ্নিত খাদ্যের মধ্যে ২নং খাদ্য তথা মাখন, পনির, ডালডা, বাদাম থেকে ১ নং খাবারগুলো তথা সয়াবিন তেল, সূর্যমুখী তেল, সরিষার তেল বেশি উপকারী। স্নেহ পদার্থ ফ্যাটি এসিড ও গ্লিসারলের সমন্বয়ে গঠিত একটি যৌগ। স্নেহ পদার্থ পরিপাক হয়ে ফ্যাটি এসিড ও গ্লিসারলে পরিণত হয়। এই খাদ্যে ২০ প্রকার চর্বি জাতীয় এসিড থাকে। চর্বি জাতীয় এসিড দু'প্রকার। যথা : ১. অসম্পৃক্ত চর্বি জাতীয় এসিড ও ২. সম্পৃক্ত জাতীয় এসিড। এর মধ্যে অসম্পৃক্ত চর্বি জাতীয় এসিড, সম্পৃক্ত চর্বি জাতীয় এসিড অপেক্ষা বেশি উপকারী। ১নং ও ২নং উভয় খাদ্যই স্নেহ জাতীয় খাদ্য। ১নং খাবারগুলোতে অসম্পৃক্ত চর্বি জাতীয় এসিডের পরিমাণ বেশি এবং ২নং খাবারগুলোতে সম্পৃক্ত চর্বি জাতীয় এসিডের পরিমাণ বেশি থাকে। তাই B চিহ্নিত খাদ্যের মধ্যে ২নং থেকে ১নং খাবার বেশি উপকারী।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

পুষ্টি জীবের একটি সার্বিক শারীরবৃত্তীয় প্রক্রিয়া, যার মাধ্যমে জীব খাদ্যবস্তু গ্রহণ করে পরিপাক করে এবং অপাচ্য খাদ্যাংশের নিষ্কাশন ঘটায়।

ক. পুষ্টির সংজ্ঞা লেখ।	১
খ. খাদ্য বলতে কী বুঝ?	২
গ. উদ্ভীপকের প্রক্রিয়াটি কীভাবে পরিচালিত হয়?	৩
ঘ. মানুষকে কর্মক্ষম রাখতে উদ্ভীপকের প্রক্রিয়াটির গুরুত্ব বিশ্লেষণ কর।	৪


▶▶ ২০নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. যে প্রক্রিয়াতে খাদ্যবস্তু খাওয়ার পরে পরিপাক হয় এবং জটিল খাদ্য উপাদানগুলো ভেঙে সরল উপাদানে পরিণত হয়। তাকে পুষ্টি বলে।
- খ. খাদ্য বলতে সেইসব জৈব উপাদানকে বোঝায় যা জীবের দেহগঠন ও শক্তি উৎপাদনে ব্যবহৃত হয়। খাদ্য মূলত বিভিন্ন যৌগের সমন্বয়ে গঠিত। এর মূল উৎস সজীব দেহ। আমরা উদ্ভিদ ও প্রাণী থেকে মূলত খাদ্য পাই। খাদ্য আমাদের দেহের পুষ্টির চাহিদা পূরণ করে।
- গ. উদ্ভীপকে পুষ্টিতে একটি সার্বিক শারীরবৃত্তীয় প্রক্রিয়া বলা হয়েছে। এর দ্বারা একদিকে দেহে শক্তি সঞ্চয় হয় অন্যদিকে, বিশোধিত খাদ্যে শক্তির মুক্তি ঘটে। জীবিত কোষে একই সময়ে অসংখ্য বিক্রিয়া চলতে থাকে। এই বিক্রিয়াগুলোকে একসঙ্গে বিপাক বলে। এর দ্বারা খাদ্যে থাকা শৈল্পিক শক্তি তাপশক্তি রূপে বেরিয়ে আসে এবং জীবের সার্বিক শারীরবৃত্তীয় কাজগুলো সম্পন্ন হয়। বিপাক বিক্রিয়াগুলো দেহ অভ্যন্তরে সর্বদা ঘটতে থাকে এবং জীব পরিপাক, শ্বসন, রেচন ইত্যাদি সার্বিক শারীরবৃত্তীয় ক্রিয়াশীলতা বজায় রাখে।
- ঘ. উদ্ভীপকের প্রক্রিয়াটি হলো পুষ্টি যা মানুষকে কর্মক্ষম রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিচে তা আলোচনা করা হলো :
১. দেহের বৃদ্ধি, ক্ষয়পূরণ এবং বিভিন্ন বিপাকীয় কাজ নিয়ন্ত্রণের জন্য শক্তি সংগ্রহ করে পুষ্টি।
  ২. পুষ্টির মাধ্যমে খাদ্যে শৈল্পিক শক্তি ব্যবহার উপযোগী শক্তিতে রূপান্তরিত হয় : ফলে জীবদেহের চলন, গমন, রেচন, জনন ইত্যাদি শারীরবৃত্তীয় প্রক্রিয়াগুলো নিয়ন্ত্রিত হয়।
  ৩. পুষ্টির মাধ্যমে জীবদেহে ভবিষ্যতের জন্য খাদ্য সঞ্চিত থাকে, যা থেকে ভবিষ্যতে খাদ্যের অভাবের সময় শক্তি উৎপন্ন করা হয়। উদ্ভিদ দেহে প্রধানত শ্বেতসাররূপে এবং প্রাণিদেহে গ্লাইকোজেন ও মেদ রূপে খাদ্য সঞ্চিত হয়।
  ৪. ক্ষয়ক্ষতি পূরণ, নতুন কোষ সৃষ্টি এবং কোষের আকার বৃদ্ধির মাধ্যমে সামগ্রিক দেহ বৃদ্ধির জন্য পুষ্টির প্রয়োজন হয়।

সৃজনশীল প্রশ্নব্যাংক

আবদুল্লাহ একজন ক্রীড়াবিদ। প্রতিদিন খেলতে যাওয়ার আগে সে ভাত খেয়ে বের হয়। একদিন খেলার মাঠে সে আঙ্গুল কেটে ফেলে। কাটা অংশ না শুকিয়ে কিছুদিন পর যা হয়। ডাক্তারের নিকট গেলে ডাক্তার তাকে কিছু ওষুধ দিয়ে সুখম খাদ্য খাওয়ার পরামর্শ।

- |   |   |
|---|---|
| ক. এক গ্রাম চর্বি থেকে কী পরিমাণ শক্তি উৎপন্ন হয়?  | ১ |
| খ. ভিটামিন 'এ' -এর উৎস সম্পর্কে লেখ।  | ২ |
| গ. ডাক্তারের পরামর্শ অনুযায়ী আবদুল্লাহর আঙ্গুলের যা শুকাতে কোন জাতীয় খাবার খাওয়া প্রয়োজন বর্ণনা কর। | ৩ |
| ঘ. আবদুল্লাহর স্বাস্থ্যরক্ষায় ডাক্তারের পরামর্শকৃত খাদ্যের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর।                  | ৪ |



- |  |   |
|--|---|
| ক. পানি দেহে কীভাবে কাজ করে?   | ১ |
| খ. কোন ধরনের শর্ত পালনে খাবার সুখম হয় লেখ।                          | ২ |
| গ. D চিহ্নিত উপাদানটির অভাবে দেহে কী ধরনের সমস্যা হয়? ব্যাখ্যা কর।  | ৩ |
| ঘ. পুষ্টি শক্তি স্নাতকিক রাখতে উপরের খাদ্যগুলোর ভূমিকা মূল্যায়ন কর। | ৪ |

নিচের উদ্ভীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

আমিষ দেহে পরিপাক হওয়ার পর অ্যামাইনো এসিডে পরিণত হয়। শিশুর দৈনিক খাদ্যতালিকায় আমিষের পরিমাণ বেশি হওয়া দরকার। আমিষের অভাবে শিশুর দেহের বৃদ্ধি ব্যাহত হয় এবং ওজন হ্রাস পায়।

- |  |   |
|--|---|
| ক. আমিষ জাতীয় খাদ্যের প্রধান উপাদান কী? | ১ |
|--|---|

- খ. সহজপাচ্যতার গুণক ১ বলতে কী বুঝায়? ২
- গ. মানবদেহের সুস্থতায় উল্লিখিত এসিডের ভূমিকা কী? আলোচনা কর। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত শিশুটি তার দেহের চাহিদা অনুযায়ী আমিষ না পেলো কী হবে? ৪

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মিসেস জেসমিন শক্তি-দায়ক খাবার, শরীর বৃদ্ধিকারক খাবার এবং রোগ প্রতিরোধক খাবার নিয়ে সুখম খাদ্য তালিকা প্রস্তুত করেন। তিনি পত্রিকা পড়ে জানলেন একটি খনিজ লবণের অভাবে আমাদের দেশের উত্তরাঞ্চলে বিশেষ একটি রোগের প্রকোপ বাড়ছে। তাই, তিনি তালিকা প্রস্তুতে আরও সতর্ক হলেন।

- ক. শস্য স্যালাইনের উপাদান কী? ১
- খ. খাদ্যের ক্যালরি মূল্য কেন জানতে হয়? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত ঐ বিশেষ এলাকাতেই এ রোগের প্রকোপ বেশি কেন? রোগটির কারণ ও লক্ষণ উল্লেখ কর। ৩
- ঘ. মিসেস জেসমিনের প্রণীত সুখম খাবারের একটি তালিকা প্রণয়ন কর। ৪


**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

প্রচণ্ড জ্বর আসায় নিগার খাবারের রুচি হারিয়ে ফেলে। সে ডাক্তারের পরামর্শ চাইলে ডাক্তার তাকে প্রচুর পরিমাণে টক জাতীয় ফল যেমন : লেবু, আমলকি, কমলা খেতে পরামর্শ দিলেন।

- ক. আমলকিতে কোন উপাদান থাকে? ১
- খ. লেবুর রসের সাথে খাবার সোডার বিক্রিয়ায় কী ঘটে লিখ। ২
- গ. ডাক্তার নিগারকে টক জাতীয় ফল খাওয়ার পরামর্শ দিলেন কেন? ৩
- ঘ. উদ্দীপকে উপস্থিত ফলমূলে যে উপাদান থাকে তার শনাক্তকারী বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর। ৪

**▶▶ ২৬নং প্রশ্নের উত্তর ▶▶**

- ক. আমলকিতে এসকরবিক এসিড থাকে।
- খ. লেবুর রসে থাকে সাইট্রিক এসিড যা খাবার সোডা বা সোডিয়াম বাইকার্বনেটের সাথে বিক্রিয়ায় সোডিয়াম সাইট্রেট, কার্বন ডাইঅক্সাইড ও পানি তৈরি করে।



খাবার সাইট্রিক সোডিয়াম কার্বনডাই পানি  
সোডা এসিড সাইট্রেট অক্সাইড

- গ. টক জাতীয় ফলমূলে প্রচুর পরিমাণে ভিটামিন 'সি' বিদ্যমান বলে ডাক্তার নিগারকে সেগুলো খাওয়ার পরামর্শ দিলেন। ভিটামিন 'সি' পেশি, দাঁত মজবুত করে, ক্ষত নিরাময় ও চর্মরোগ রোধে সহায়তা করে, কর্ণনালি ও নাকের সংক্রমণ রোধ করে। ভিটামিন 'সি'র অভাবে নিম্নোক্ত সমস্যা হতে পারে :

- i. হাড়ের গঠন শক্ত ও মজবুত হতে পারে না।
- ii. হাড়ি দুর্বল ও ভঙ্গুর হয়ে যায়।
- iii. ত্বক খসখসে হয়, চুলকায়, ত্বকে ঘা হলে সহজে শুকায় না।
- অতএব, উপরিউক্ত কারণেই ডাক্তার নিগারকে উক্ত পরামর্শ দিলেন।

- ঘ. উদ্দীপকে উপস্থিত ফলমূলের উপাদানটি হলো জৈব এসিড। জৈব এসিডের শনাক্তকারী বৈশিষ্ট্য নিচে দেয়া হলো –

- i. এর জলীয় দ্রবণ নীল লিটমাসকে লাল করে। নীল লিটমাসকে  $\xrightarrow{\text{এসিড দ্রবণ}}$  লাল লিটমাস
- ii. ক্ষারের সাথে বিক্রিয়ায় লবণ ও পানি উৎপন্ন করে। এসিড + ক্ষার  $\longrightarrow$  লবণ + পানি
- iii. জলীয় দ্রবণে  $\text{H}^+$  আয়ন দেয়। এসিড  $\xrightarrow{\text{এসিডদ্বয় জলীয় দ্রবণ}}$   $\text{H}^+$
- iv. এরা কার্বনেট যৌগের সাথে বিক্রিয়ায় কার্বন-ডাইঅক্সাইড গ্যাস সৃষ্টি করে।

**সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর**

**প্রশ্ন ১ ১ ১ কিলোক্যালরি কী?**

**উত্তর :** কিলোক্যালরি হলো খাদ্যে তাপশক্তি মাপার একক। ১০০০ ক্যালরিতে ১ কিলোক্যালরি হয়। দেহ সুস্থভাবে পরিচালনা করতে কী পরিমাণ শক্তি লাগবে তা কিলোক্যালরি একক থেকে নির্ণয় করা হয়।

**প্রশ্ন ২ ২ ২ ভিটামিন 'এ'-র অভাবে কী কী অসুবিধা দেখা দেয়?**

**উত্তর :** ভিটামিন 'এ'-র অভাবে রাতকানা রোগ হয়। এর অভাব দীর্ঘস্থায়ী হলে জেরপখালমিয়া রোগ দেখা দেয়। এতে ব্যক্তি পুরোপুরি অন্ধ হয়ে যায়। এছাড়া এর অভাবে দেহের স্বাভাবিক বৃদ্ধি বাধাপ্রাপ্ত হয়। অনেক সময় সর্দি, কাশি, ইনফ্লুয়েঞ্জা ইত্যাদি রোগ হতে পারে।

**প্রশ্ন ৩ ৥ রিকেটস রোগের লক্ষণগুলো কী কী?**

**উত্তর :** ভিটামিন 'ডি' ও ক্যালসিয়ামের অভাবে রিকেটস রোগ হয়। এ রোগের লক্ষণগুলো নিম্নরূপ :

১. রিকেটস রোগে শিশুদের হাড় নরম হয় এবং বৃদ্ধি ব্যাহত হয়।
২. পায়ের হাড় ধনুকের মতো বেঁকে যায় এবং দেহের চাপে অন্যান্য হাড়গুলোও ক্ষতিগ্রস্ত হয়।
৩. হাত-পায়ের অস্থিসন্ধি বা গিট ফুলে যায়।
৪. বুকের বা পাজরের হাড় বেঁকে যায়।

**প্রশ্ন ৪ ৥ রক্তে হিমোগ্লোবিনের প্রয়োজনীয়তা কী?**

**উত্তর :** রক্তে হিমোগ্লোবিন নামক লৌহঘটিত প্রোটিন জাতীয় রঞ্জক পদার্থ থাকায় রক্তের রং লাল হয়। হিমোগ্লোবিন অক্সিজেনের সঙ্গে যুক্ত হয়ে অক্সিহিমোগ্লোবিন যৌগ গঠন করে অক্সিজেন পরিবহন করে এবং কার্বন-ডাইঅক্সাইডের সঙ্গে যুক্ত হয়ে কার্বো-অ্যামাইনো হিমোগ্লোবিন যৌগ গঠন করে কার্বন-ডাইঅক্সাইড পরিবহন করে। রক্তে হিমোগ্লোবিনের পরিমাণ কমে গেলে অ্যানিমিয়া বা রক্তক্ষয়তা দেখা দেয়।

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### □ জ্ঞানমূলক ----- /

**প্রশ্ন ১ ৥ বিশুদ্ধ খাদ্য কাকে বলে?**

**উত্তর :** যে খাদ্যে শুধুমাত্র একটি উপাদানই থাকে তাকে বিশুদ্ধ খাদ্য বলে।

**প্রশ্ন ২ ৥ মিশ্র খাদ্য কাকে বলে?**

**উত্তর :** যে খাদ্যে একের অধিক পুষ্টি উপাদান বিদ্যমান থাকে তাকে মিশ্র খাদ্য বলে।

**প্রশ্ন ৩ ৥ শর্করা কী কী উপাদানের সমন্বয়ে গঠিত?**

**উত্তর :** শর্করা কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন এ তিনটি মৌলিক উপাদানের সমন্বয়ে গঠিত।

**প্রশ্ন ৪ ৥ কোন শর্করা রক্তের মাধ্যমে সারা দেহে পরিবাহিত হয়?**

**উত্তর :** গ্লুকোজ রক্তের মাধ্যমে সারা দেহে পরিবাহিত হয়।

**প্রশ্ন ৫ ৥ আমাদের ক্যালরির শতকরা কত ভাগ শর্করা থেকে গ্রহণ করা দরকার?**

**উত্তর :** আমাদের ক্যালরির শতকরা ৬০-৭০ ভাগ শর্করা থেকে গ্রহণ করা দরকার।

**প্রশ্ন ৬ ৥ আমিষের অভাবে কী রোগ দেখা দেয়?**

**উত্তর :** আমিষের অভাবে কোয়াশিয়রকর ও মেরাসমাস রোগ দেখা দেয়।

**প্রশ্ন ৭ ৥ স্নেহ পদার্থ পরিপাক হয়ে কিসে পরিণত হয়?**

**উত্তর :** স্নেহ পদার্থ পরিপাক হয়ে ফ্যাটি এসিড ও গ্লিসারলে পরিণত হয়।

**প্রশ্ন ৮ ৥ জেরপখালমিয়া রোগে চোখের কী ক্ষতিগ্রস্ত হয়?**

**উত্তর :** জেরপখালমিয়া রোগে চোখের কর্নিয়ার আচ্ছাদন ক্ষতিগ্রস্ত হয়।

**প্রশ্ন ৯ ৥ ভিটামিন ডি এর অভাবে বয়স্কদের কী রোগ হয়?**

**উত্তর :** ভিটামিন ডি-এর অভাবে বয়স্কদের অস্টিওম্যালেশিয়া রোগ হয়।

**প্রশ্ন ১০ ৥ দেহের প্রথোম্বিন নামক প্রোটিন কোন ভিটামিন তৈরি করে?**

**উত্তর :** দেহে প্রথোম্বিন নামক প্রোটিন ভিটামিন কে তৈরি করে।

### □ অনুধাবনমূলক -----//

**প্রশ্ন ১ ৥ খাদ্যের কী কী কাজ পুষ্টি প্রক্রিয়ার অন্তর্গত?**

**উত্তর :** পুষ্টি প্রক্রিয়াতে খাদ্যবস্তু খাওয়ার পরে পরিপাক হয় এবং জটিল খাদ্য উপাদানগুলো ভেঙে সরল উপাদানে পরিণত হয় তা দেহ শোষণ করে নেয়। শোষণের পরে দেহের সকল অঙ্গের ক্ষয়প্রাপ্ত কোষের পুনর্গঠন ও দেহের বৃদ্ধির

জন্য নতুন কোষ গঠন করে। তাছাড়া তাপ উৎপাদন, রোগ-প্রতিরোধ ও রক্ষণাবেক্ষণের জন্য পুষ্টি জোগায়। দেহে খাদ্যের এই সকল কাজই পুষ্টি প্রক্রিয়ার অন্তর্গত।

**প্রশ্ন ২ ৥ চালকে শ্বেতসার জাতীয় পদার্থ কেন বলা হয়?**

**উত্তর :** স্নেহ চালে ৭৯% শ্বেতসার ও ৬% স্নেহ পদার্থ থাকে। এছাড়া, সামান্য পরিমাণ আমিষ, ভিটামিন ও খনিজ লবণ থাকে। স্নেহ চালে শ্বেতসারের পরিমাণ সবচেয়ে বেশি থাকে। তাই চাল কে শ্বেতসার জাতীয় পদার্থ বলা হয়।

**প্রশ্ন ৩ ৥ একজন লোকের দৈনিক কী পরিমাণ শক্তির দরকার তা কী কী বিষয়ের ওপর নির্ভর করে?**

**উত্তর :** একজন লোকের দৈনিক কী পরিমাণ শক্তির দরকার তা প্রধানত তিনটি বিষয়ের ওপর নির্ভর করে। যথা : ১. মৌলবিপাক, ২. দৈনিক পরিশ্রম ও ৩. খাদ্যের প্রভাব।

**প্রশ্ন ৪ ৥ খাদ্য নির্বাচনের সময় আমাদের কী বিষয় লক্ষ রাখতে হবে?**

**উত্তর :** খাদ্য নির্বাচনের সময় আমাদের লক্ষ রাখতে হবে যে, খাদ্য থেকে দেহ যেন প্রয়োজনীয় পরিমাণ ক্যালরি পেতে পারে এবং ভিটামিন, খনিজ লবণ ও অন্যান্য প্রয়োজনীয় উপাদানগুলো যেন এতে থাকে।

**প্রশ্ন ৫ ৥ ভিটামিন এ-এর উৎস কী কী?**

**উত্তর :** মাছের তেল ও প্রাণিজ স্নেহে প্রচুর পরিমাণে ভিটামিন এ পাওয়া যায়। ক্যারোটিনসমৃদ্ধ শাক-সবজি যেমন : লালশাক, পুঁইশাক, পালংশাক, টমেটো, গাজর, বীট, মিষ্টি কুমড়া ইত্যাদি ভিটামিন এ-এর ভালো উৎস। বিভিন্ন ধরনের ফল যেমন : পেঁপে, আম ও কাঁঠালে ভিটামিন এ থাকে। মলা ও ঢেঁলা মাছে ও প্রচুর পরিমাণে ভিটামিন এ থাকে।

**প্রশ্ন ৬ ৥ দেহে ভিটামিনের কাজ কী?**

**উত্তর :** দেহে ভিটামিনের কাজ হলো : ১. দৃষ্টিশক্তি স্বাভাবিক রাখা; ২. ত্বক ও শ্লেষ্মাবিল্লিকে সুস্থ রাখা এবং দেহকে বিভিন্ন সংক্রামক রোগের হাত থেকে রক্ষা করা; ৩. খাদ্যদ্রব্য পরিপাক ও ক্ষুধার উদ্রেক করা; ৪. রক্তের স্বাভাবিক অবস্থা বজায় রাখা; ৫. দেহের পুষ্টি ও বৃদ্ধিতে সহায়তা করা।

**প্রশ্ন ৭ ৥ দেহে ভিটামিন বি কমপ্লেক্স গোটীর কাজ কী?**

উত্তর : দেহে ভিটামিন বি-কমপ্লেক্স গাঠীর কাজ হলো বিশেষ বিশেষ উৎসেচকের শক্তিকে মুক্ত হতে সাহায্য করা।  
অংশ হিসেবে আমিষ, শর্করা ও স্নেহ পদার্থকে বিশ্লিষ্ট করা এবং এদের অন্তর্নিহিত